ঝিনাইদহে ব্যতিক্রমী ‘কৃষ্ণচূড়া এভিনিউ’ উদ্বোধন

‘শিল্পের শহর ঝিনাইদহ’ প্রতিপাদ্যে শহরের পুরাতন ধোপাঘাটা ব্রীজ- টার্মিনাল সংযোগ সড়কে কৃষ্ণচূড়া এভিনিউ এর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (১১ অক্টোবর) সকালে ১০০টি কৃষ্ণচূড়া গাছের চারা রোপণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা করা হয়। ঝিনাইদহ জেলা প্রশাসনের বাস্তবায়নে জেলা শিল্পকলা একাডেমি ও ঝিনাইদহ থিয়েটারের সহযোগিতায় কৃষ্ণচূড়া এভিনিউ এর শুভ উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা কালচার অফিসার মো. জসিম উদ্দিন, শিল্পকলা একাডেমির নির্বাহী সদস্য অশোক ধর, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জয়া রাণি চন্দ, ঝিনেদা থিয়েটারের সাধারণ সম্পাদক শামিম আহামেদ টফি, ভোর হলোর সাধারণ সম্পাদক নুর-এ-গুলশানসহ বিভিন্ন সাংস্কৃতিক ব্যক্তিবর্গ এবং প্রিন্ট - ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

জেলা প্রশাসক মনিরা বেগম তার বক্তব্যে কর্মসূচি বাস্তবায়নকারীদের ধন্যবাদ জানিয়ে আশা প্রকাশ করেন কৃষ্ণচূড়া এভিনিউ ঝিনাইদহ শহরকে ভবিষ্যতে সৌন্দর্যমন্ডিত করবে এবং এটি ইতিহাসের অংশ হবে। উপস্থিত অতিথিবৃন্দ শুভেচ্ছা বক্তব্যে ব্যতিক্রমী এ উদ্যোগকে সাধুবাদ জানান ও উচ্ছ্বাস প্রকাশ করেন।

এ বৃক্ষরোপণ কর্মসুচীটি ঝিনেদা থিয়েটারের সভাপতি একরামুল হক লিকু এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে

চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে স্বতঃস্ফূর্তভাবে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম। সারিবদ্ধ ভাবে লাইন দিয়ে যুবক-যুবতীরা নতুন ভোটার হালনাগাদ কার্যক্রমে অংশগ্রহণ করেন।

জানাগেছে জেলা নির্বাচন অফিস এর আন্ডারে অস্থায়ী নিয়োগে টিম লিডার মিজানুর রহমানের তত্ত্বাবধানে মোট ৮ জন সদস্যের মাধ্যমে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম। এই টিমে কাজ করছেন যথাক্রমে- শাকিবুর রহমান, সাউদা, ইকবাল, রকিবুল, ইকরামুল, ইয়ামিন, রাশেদ ও প্রিন্স।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী আনুষ্ঠানিক ভাবে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা সহ সকল ইউপি সদস্য বৃন্দ।

১০ তারিখ সকাল ৮টা থেকে শুরু করে ১৫ তারিখ পর্যন্ত টানা ৬ দিন চলবে এই কার্যক্রম। ১২ তারিখ ৫ ও ৬ নং ওয়ার্ড, ১৩ তারিখ ৭ নং ওয়ার্ড, ১৪ তারিখ ৮ নং ওয়ার্ড ও ১৫ তারিখে ৯ নং ওয়ার্ডের নতুন ভোটার হালনাগাদ হবে। ১৬ এবং ১৮ তারিখ ওপেন ডে। এই দুই দিন দামুড়হুদা উপজেলার যে সকল নতুন ভোটার বাদ পরেছে তারা অংশ গ্রহণ করতে পারবে।

অর্থাৎ বাদ পড়া সকল ভোটার অংশ গ্রহণ করতে পারবে। প্রথম দিন নারী পুরুষ সহ মোট ৩৬৫ জন নতুন ভোটার হন। এর মধ্যে নারী ১৫৩ জন এবং পুরুষ ২১১ জন। গতকাল ৩৯৭ জন নতুন ভোটার হালনাগাদ হয়। এর মধ্যে নারী ২০৯ জন এবং পুরুষ ১৮৮ জন। গত দুই দিনে নারী পুরুষ সহ মোট ৭৬২ জন নতুন ভোটার হালনাগাদ হয়। এর মধ্যে মোট নারী ৩৬২ জন এবং মোট পুরুষ ৩৯৯ জন।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, যুবক-যুবতীরা স্বতঃস্ফূর্তভাবে লাইন দিয়ে নতুন ভোটার হালনাগাদে অংশ গ্রহণ করেন। যতক্ষণ নতুন ভোটার লাইনে ছিল ততক্ষণ কার্যক্রম চলছে সর্বশেষ কার্যক্রম চলছে সন্ধ্যা সাড়ে ৫টা পর্যন্ত।

কোটচাঁদপুরে ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিল সহ দুই মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে কোটচাঁদপুরে অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ দুই মাদক ব্যবসায়ী কে আটক করেছে ডিবি পুলিশ । জেলা গোয়েন্দা শাখা ডিবি পুলিশের ওসি মোঃ শাহিন উদ্দিন জানান, ঝিনাইদহ জেলা পুলিশ সুপার আশিকুর রহমান (বিপিএম পিপিএম) বারের দিকনির্দেশনায় ডিবি পুলিশের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে।

আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর থানাধীন কাগমারি নামক স্থান থেকে মাদক ব্যবসায়ী (১) চায়না বেগম, স্বামী-আব্দুস সালাম, সাং-দক্ষিণ আড়পাড়া(২) আজহার উদ্দিন,পিতা-হাফিজুর রহমান,সাং-চাপালি,থানা- কালিগঞ্জ,জেলা-ঝিনাইদহকে (৫৯) বোতল ফেন্সিডিল সহ আটক করা হয়েছে বলে জানান।

এ বিষয় কোটচাঁদপুর মডেল থানার ডিউটি অফিসার উপ-পরিদর্শক আইয়ুব হোসেন জানান, চায়না ও আজহার নামে দুই মাদক ব্যবসায়ী নামে মডেল থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।যার মামলা নম্বর (৪)।

দামুড়হুদায় খেজুর গাছ পরিচর্যায় ব্যস্ত গাছিরা

দামুড়হুদায় শীতের মৌসুম শুরু হতে না হতেই আবহমান গ্রাম-বাংলার ঐতিহ্য খেজুরের রস আহরণে প্রতিটি গ্রামে গাছিরা গাছ প্রস্তত করতে শুরু করেছেন। যারা খেজুরের রস সংগ্রহের উদ্দেশ্যে বিশেষভাবে গাছ

কাটায় পারদর্শী স্থানীয় ভাষায় তাদেরকে ‘গাছি’ বলা হয়।

আজ মঙ্গলবার সকালে দর্শনা- লোকনাথপুর সড়কের ধারে ও মাঠের খেজুর বাগানে এ গাছিরা হাতে দা নিয়ে ও কোমরে দড়ি বেঁধে নিপুণ হাতে গাছ চাঁচা-ছোলার কাজ শুরু করেছে।

শীত মৌসুম এলেই দামুড়হুদা উপজেলায় সর্বত্র শীত উদযাপনের নতুন আয়োজন শুরু হয়। খেজুরের রস আহরণ ও গুড় তৈরিতে ব্যস্ত হয়ে পড়েন এ এলাকার গাছিরা। তাদের মুখে ফুটে ওঠে রসালো হাসি। শীতের দিন মানেই গ্রামাঞ্চলে খেজুর রস ও নলেন গুড়ের ম-ম গন্ধ।

শীতের সকালে খেজুরের তাজা রস যে কতটা তৃপ্তিকর তা বলে বোঝানো যায় না। আর খেজুর রসের পিঠা এবং পায়েস তো খুবই মজাদার। এ কারণে শীত মৌসুমের শুরুতেই গ্রামাঞ্চলে খেজুর রসের ক্ষীর, পায়েস ও পিঠে খাওয়ার ধুম পড়ে যায়। প্রতিদিনই কোনো না কোনো বাড়িতে খেজুর রসের তৈরি খাদ্যের আয়োজন চলে। শীতের সকালে বাড়ির উঠানে বসে সূর্যের তাপ নিতে নিতে খেজুরের মিষ্টি রস যে পান করেছে, তার স্বাদ কোনো দিন সে ভুলতে পারবে না। শুধু খেজুরের রসই নয় এর থেকে তৈরি হয় সুস্বাদু পাটালি, গুড়।

খেজুর গুড় বাঙালির সংস্কৃতির একটা অঙ্গ। নলেন গুড় ছাড়া আমাদের শীতকালীন উৎসব ভাবাই যায় না।দামুড়হুদা উপজেলার তারিনীপুর গ্রামের গাছি তোফাজ্জেল হোসেন ও লোকনাথপুর গ্রামের সালাম জানান, আর মাত্র কয়েক দিন পরই গাছ থেকে রস সংগ্রহ করা হবে। রস থেকে গুড় তৈরির পর্ব শুরু হয়ে চলবে প্রায় মাঘ ফালগুন মাস পর্যন্ত। হেমন্তের প্রথমে বাজারগুলোতে উঠতে শুরু করবে সুস্বাদু খেজুরের পাটালি ও গুড়। অবহেলায় বেড়ে ওঠা খেজুর গাছের কদর এখন অনেক বেশি। এছাড়া খেজুর গাছের রস হতে উৎপাদিত গুড় দেশের বিভিন্ন স্থানে ব্যাপক চাহিদা রয়েছে বলে জানান তারা।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজামান জানান, দামুড়হুদায় প্রচুর পরিমাণ খেজুর গাছ আছে। গাছিরা খেজুর রস সংগ্রহ করে বিভিন্ন ধরনের পিঠা ও পাটালি, গুড় তৈরি করে নিকটস্থ বাজারে বিক্রি করে আর্থিকভাবে লাভবান হয়। বর্তমানে খেজুরের গুড়ের চাহিদা বেশী যার কারণে গাছিরা এদিকে যেমন লাভবান হচ্ছে ঠিক তেমনি আর্থিক ভাবে স্বচ্ছল হচ্ছে।

ঝিনাইদহে চাঞ্চল্যকর হাফিজ হত্যার রহস্য উদঘাটন, গ্রেফতার ৪

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে নিখোঁজ হওয়ার চারদিন পর গত রবিবার (৯অক্টোবর) দুপুরে মোবাইল ফোনের সুত্র ধরে হাফিজুর রহমান (৪০) নামের এক যুবকের পলিথিনে মোড়ান গলা কাটা অর্ধগলিত লাশ উদ্ধারের ২দিনের মধ্যেই হত্যার রহস্য উদ্ঘাটন করেছে পুলিশ।

মঙ্গলবার (১১অক্টোবর) দুপুরে সিনিয়র সহকারী পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) অমিত বর্মণের নেতৃত্বে এক প্রেস ব্রিফিং এ হাফিজুর রহমানের হত্যা রহস্য এবং হত্যাকান্ডে ব্যবহৃত দেশীয় যন্ত্রপাতি জব্দ করার তথ্য তুলে ধরেন। এসময় হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামসহ অন্যান্য পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রেসব্রিফিং এ অমিত বর্মণ জানান,গত৫অক্টোবর (বুধবার) থেকে হরিণাকুণ্ডু থানার রিশখালী গ্রামেরসোহরাব হোসেনের ছেলে মোঃ হাফিজুর রহমান নিখোঁজের পর তার ছোট ভাই জাফিরুল ইসলাম ৭ অক্টোবর (শুক্রবার) থানায় একটি সাধারণ ডায়েরি করলে পুলিশ তদন্ত শুরু করে। একই দিন সন্ধ্যায় ওই গ্রামের আলমগীর নামে এক ব্যক্তিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদের জন্য আটক করে থানায় আনে পুলিশ।

জিজ্ঞাসাবাদ চলাকালীন শনিবার (৯অক্টোবর) একটি মোবাইল ফোন পাওয়ার পর তারই সুত্র ধরে কেষ্টপুর চরের মাঠের খালের ধার থেকে হাফিজুর রহমানের গলাকাটা পলিথিনে পেঁচানো অর্ধগলিত লাশ উদ্ধার করতে সক্ষম হয়।

তিনি আরও বলেন, লাশ উদ্ধারের পর সন্ধ্যায় জাহিদ নামের সন্দেহভাজন আরেক জনকে পুলিশ আটক করে।তাদের দেওয়া তথ্য মনে জানাযায়,পূর্ব শত্রুতার জের ধরে এই খুন সংঘটিত হয়েছে।নিখোজের দিনই আনুমানিক রাত ১১টার দিকে দেশীয় দা দিয়ে কুপিয়ে তাকে হত্যা করা হয়। আটককৃতদের দেওয়া তথ্য মতে গত সোমবার (১০অক্টোবর) হত্যায়

ব্যবহৃত দা,কোদাল,জিআই তার,পলিথিন,ভিকটিমের মোবাইল ফোন উদ্ধার করা হয়।

এ ঘটনায় সোমবার (১০অক্টোবর) রাতে নিহতের ছোট ভাই জাফিরুল ইসলাম কয়েকজন অজ্ঞাতসহ ১৪ জনের নামে হরিণাকুণ্ডু থানায় একটি মামলা দায়ের করা হয়। এখন পযর্šÍ এজাহার নামীয় আসামী আলমগীর হোসেন ও জাহিদ হোসেন কে গ্রেফতার করেছে পুলিশ।

এছাড়া হত্যার মূল পরিকল্পনাকারী সেকেন্দার আলী এবং শাহীন জোয়ার্দ্দার কে সোমবার রাতে র্যাব আটক করে বলেও ঝিনাইদহ র্যাব-৬ মঙ্গলবার বিকালে এক প্রেসব্রিফিং এ জানান। বাকি আসামীদের দ্রুত গ্রেফতারের জন্য অভিযান চলছে বলেও হরিণাকুণ্ডু থানার ওসি সাইফুল ইসলাম জানান।

কোটচাঁদপুরে শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধ, মাদকের কুফল, সামাজিক সাম্প্রতি, সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার প্রতিরোধে শিক্ষক ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল আজিজের সভাপতিত্ব। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহ।বিশেষ অতিথি হিসেবে মূল্যবান বক্তব্য রাখেন মডেল থানার অফিসার ইনচার্জ মইন উদ্দিন , উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বলেন,বাল্যবিবাহ,নারী শিশু নির্যাতন,

মাদক একটি সামাজিক ব্যাধি। নারীর অগ্রযাত্রায় বাল্যবিবাহ প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে। বাল্যবিবাহ নামক সামাজিক ব্যাধি প্রতিরোধের লক্ষ্যে সরকার বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ প্রণয়ন করেছে। উল্লেখপূর্বক প্রশাসনের পাশাপাশি সমাজের প্রত্যেক নাগরিককে নিজ নিজ জায়গা থেকে এগিয়ে আসার আহ্বান জানান।

এ সময় বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষকা, শিক্ষার্থী, অবিভাবক সহ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় শেখ রাসেল দিবসের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় শেখ রাসেল দিবস-২০২২ উদ্যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

সভায় আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার (ভারপ্রাপ্ত) আলহাজ্ব রফিকুল আলম টুকু, জেলা আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ও কেপিসি কুষ্টিয়ার সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব প্রমুখ।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয় ১৮ অক্টোবর আড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে এ দিবসটি উদ্যাপন করা হবে। দিবসটি উপলক্ষে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীদের মধ্যে নানা রকম প্রতিযোগিতার আয়োজন করা হবে।

সভায় জেলার সরকারী সকল দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

ওস্তাদ জানার উদ্দিন বলেন, এই লাঠি খেলা আমাদের পারিবারিক ঐতিহ্য। আমার বাবা ও দাদা এক সময় লাঠি খেলতেন, সেই ঐতিহ্য ধরে রাখার চেষ্টা করছি।

কোরবান আলী নামের আরেক ওস্তাদ জানান, লাঠিখেলা দেশের অত্যন্ত জনপ্রিয় একটি খেলা। তবে আধুনিক খেলাধুলার ভীড়ে এই ঐতিহ্যবাহী খেলা হারিয়ে যেতে বসেছে। সবার সম্মিলিত উদ্যোগে একে বাঁচিয়ে রাখা সম্ভব।

জামাল নামের এক লাঠিয়াল জানান, এটা নিছক একটি খেলা নয়। এর থেকে আত্মরক্ষার কৌশলও শেখা যায়।

দর্শক শাহরিয়ার ইমন রুবেল জানান, লাঠিখেলা শুরুর আগে প্রতিটি দলই শারীরিক নানা কসরত দেখায়। নানা কৌশলে লাঠি ঘোরানো হয়। প্রতিপক্ষের লাঠির আঘাত থেকে নিজেকে রক্ষা করা এবং প্রতিপক্ষের ওপর আক্রমণ করা সবই ছিল ভিন্ন ভিন্ন আঙ্গিকে।

প্রসঙ্গত, লাঠিখেলা বাংলার প্রাচীন ঐতিহ্য। ওস্তাদ ভাই সিরাজুল হক চৌধুরী গোল্ডেন সোর্ড ১৯৩৩ সালে বাংলাদেশ লাঠিয়াল বাহিনী তৈরি করেন। ওস্তাদ ভাই সিরাজুল হক চৌধুরী প্রথমে নিখিল বাংলা লাঠিয়াল বাহিনী গঠন করেন। পরে এর নাম হয় বাংলাদেশ লাঠিয়াল বাহিনী।’ যেটির সদর দপ্তর হিসেবে এই কুষ্টিয়া বিেবিচত হয়।

কুষ্টিয়ায় গৃহবধু ধর্ষণ মামলায় প্রতিবেশীর যাবজ্জীবন

কুষ্টিয়ার বটতৈল গ্রামের এক গৃহবধুকে ধর্ষণের অভিযোগে সালাম মন্ডল (৫৮) নামে একপ্রতিবেশীর যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালতের বিচারক সৈয়দ হাবিবুল ইসলাম আসামীর উপস্থিতিতে এ রায় ঘোষনা করেন। একই সাথে সাজপ্রাপ্তকে আরও ৫০ হাজার টাকা অর্থদন্ড

অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদন্ডের আদেশ দেন আদালত।

সাজাপ্রাপ্ত হলেন কুষ্টিয়া জেলার বটতৈল এলাকার মৃত পলান মন্ডলের ছেলে সালাম মন্ডল(৫৮)।

আদালত সূত্রে জানা যায় ২০২০ সালের ৬ ফেব্রুয়ারী রাতে গৃহবধুর স্বামী বাড়ীতে না থাকার সুযোগে প্রতিবেশী অভিযুক্ত সালাম মন্ডল ঐ গৃহবধুর বাড়ীতে ঢুকে শয়ন কক্ষে প্রবেশ করে গৃহবধুকে জোর পূর্বক ধর্ষণ করেন। এঘটনায় গৃহবধু নিজেই বাদি হয়ে ধর্ষনের অভিযোগ এনে সালাম মন্ডলের নামোল্লেখ করে কুষ্টিয়া মডেল থানায় মামলা দায়ের করেন।

মামলাটি তদন্ত শেষে কুষ্টিয়া মডেল থানার পুলিশ পরিদর্শক নিশিকান্ত সরকার অভিযুক্তর বিরুদ্ধে গত ২০২০ সালের ৩১ অক্টোবর আদালতে চার্জশীট দাখিল করেন।

কুষ্টিয়া নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালতের রাষ্ট্রপক্ষের কৌসুলি এ্যাড. আব্দুল হালিম সত্যতা নিশ্চিত করে জানান, গৃহবধু ধর্ষন দায়ে সাজাপ্রাপ্ত সালাম মন্ডলের বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীত প্রমানিত হওয়ায় তাকে যাবজ্জীবন কারাদন্ডসহ ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও এক বছর সাজা খাটার আদেশ দেন আদালত।

মেহেরপুরে চেতনানাশক ঔষধ খাইয়ে দুটি অটো ছিনতাই

মেহেরপুরে পৃথক দুটি স্থানে চালককে ফলের জুসের সাথে চেতনা নাশক ঔষধ মিসিয়ে দুটি বিদ্যুৎ চালিত দুই অটো ছিনতাই করেছে সংঘবদ্ধ ছিনতাইকারী।

মেহেরপুর জেলা প্রশাসকের সামনের সড়ক ও মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বিসিক শিল্পনগরীর সামনে রাস্তায় অটো ছিনতাইয়ের এই ঘটনা ঘটে।

এঘটনায় অটোবাইকের মালিক গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের এনায়েত হোসেনের ছেলে দুলাল হোসেন (৫০) ও সদর উপজেলার বসন্তপুর

গ্রামের জহুরুল ইসলামের ছেলে শিমুল হোসেন (২৮) বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। তবে এখনো তাদের জ্ঞান ফেরেনি।

দুলাল হোসেনের বোন স্কুল শিক্ষিকা বেলি খাতুন বলেন, সকাল ৮ টার দিকে দুলাল হোসেন বাড়ি থেকে বের হয়ে আসেন। দুপুরের দিকে আমরা খবর পাই। এসে হাসপাতালে অচেতন অবস্থাায় তাকে পেয়েছি। কাছে থাকা মোবাইল ও কিছু টাকা ছিল সেগুলোও নিয়ে গেছে ছিনতাইকারীরা।

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের পাশে বিসিক শিল্পনগরীর সামনে অচেতন অবস্থায় দুলাল হোসেনকে দেখতে পেয়ে পথচারীরা হাসপাতালে নিয়ে আসেন। মেহেরপুর কোর্টের সামনের সড়ক থেকে অচেতন অবস্থায় শিমুলকে উদ্ধার করে হাসপাতালে নেন।

শিমুল সামান্য জ্ঞান ফিরেই বলেন, দুজন দাড়িওয়ালা ব্যক্তি ফলের জুস খাওয়ার পর আমি আর কিছু বলতে পারবোনা।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সউদ কবীর বলেন, তাদের সজ্ঞাহীন অবস্থায় ভর্তি করা হয়েছে। জ্ঞান ফিরবে কিছুক্ষণের মধ্যে। ধারণা করা হচ্ছে তাদের চেতনানাশক কোনো কিছু খাওয়ানো হয়েছে।